গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২০১৮-১৯ অর্থবছরের ১ম কোয়ার্টারে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	:	মো: মোফাজ্জেল হোসেন সচিব, রেলপথ মন্ত্রণালয়।
সভার তারিখ	:	১৬.০৯.২০১৮।
সময়	:	সকাল ১১.০০ ঘটিকায়
সভার স্থান	:	রেলভবনস্থ ২য় তলার সভাকক্ষ।
উপস্থিত সদস্যবৃন্দ	:	তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক)।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে উপসচিব (প্রশাসন-২) অধিশাখা রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২০১৮-১৯ অর্থবছরের ১ম কোয়ার্টারের সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি রেলপথ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত কার্যক্রমের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০১৮)-এর অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল-এর আওতায় গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	**প্রাতিষ্ঠানিক ব্যবস্থা:** নিয়মিত নৈতিকতা কমিটি'র সভা আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন ও উত্তম চর্চার (best practice) তালিকা প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি সংশ্লিষ্ট অনুবিভাগের আওতাধীন কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংগ্রহের জন্য অনুরোধ করেন। তিনি কমিটিতে মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধানকে অন্তর্ভুক্ত করার জন্যও নির্দেশনা দেন।	(ক) প্রমাপ অনুযায়ী নৈতিকতা কমিটি'র সভা আহবান করতে হবে ও সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে ; (খ) বাংলাদেশ রেলওয়ের উত্তম চর্চার (best practice) হালনাগাদ তালিকা সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। (গ) মন্ত্রণালয়ের অনুবিভাগ ভিত্তিক কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানাতে হবে। (ঘ) মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ প্রধানকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি পুনর্গঠন করেত হবে।	অতিরিক্ত সচিব (সকল অনুবিভাগ) রেলপথ মন্ত্রণালয়; উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), রেলপথ মন্ত্রণালয়
০২।	**দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন:** সভা অবহিত হয় **যে,** ১১৯জনকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ ও সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ সম্পর্কে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া ৪৫জনকে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে।	নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
০৩।	**শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/ নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র–এর বাস্তবায়ন এবং প্রযোজ্যক্ষেত্রে খসড়া প্রণয়ন:** সভা অবহিত হয় যে, কর্ম-পরিকল্পনায় ৩টি কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি বলেন যে, শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে।	কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত ৩টি কার্যক্রম সম্পন্ন করার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (আইন), রেলপথ মন্ত্রণালয়

০৪।	**তথ্য অধিকার সম্পর্কিত কার্যক্রম**: সভা অবহিত হয় যে, চলতি কোয়ার্টারে ৬০ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ প্রদানের জন্য লক্ষ্যমাত্রা ধার্য রয়েছে। সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে সকলকে অবহিত করার লক্ষমাত্রা অর্জনে পদক্ষেপ নেওয়ার জন্য নির্দেশনা দেন।	লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য অধিকার আইন. ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে সংশ্লিষ্ট সকলের জন্য অবহিতকরণ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
০৫।	**ই-গভর্নেন্স বাস্তবায়ন**: সভা অবহিত হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ৫টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা দেন।	(ক) মন্ত্রণালয়ের কর্ম-পরিকল্পনায় বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে ; (খ) ই-জিপি বাস্তবায়নে সংশ্লিষ্টদের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল); উপসচিব (প্র:-২), রেলপথ মন্ত্রণালয়
০৬।	**উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ**: সভায় জানানো হয় যে, নির্ধারিত ৩টি কার্যক্রম ও লক্ষ্যমাত্রা কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা দেন।	কর্ম-পরিকল্পনায় বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)।
০৭।	**স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ:** সভায় নির্ধারিত ৫টি কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। সভাপতি বলেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া, মন্ত্রণালয়ের শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শনের সংখ্যা বৃদ্ধি করতে হবে।	(ক) অনুমোদিত কর্মপরিকল্পনায় বর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে; (খ) মন্ত্রণালয়ের শাখা/অধিশাখা পরিদর্শন/আকস্মিক পরিদর্শনের সংখ্যা বৃদ্ধি করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল)।
০৮।	**মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম**: সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ৭টি কার্যক্রমের মধ্যে ৩টি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। কর্মকর্তা/কর্মচারিদের বদলীর জন্য সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগে অনুসৃত একটি নীতিমালা সংগ্রহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া, বকেয়া বিদ্যুৎ, পানি ও জ্বালানীর বিল পরিশোধ এবং বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে বিদ্যুৎ বিভাগ থেকে স্টিকার/পোস্টার সংগ্রহ করার জন্য পরামর্শ দেন। এছাড়া, বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য রেলভবনস্থ বিভিন্ন কক্ষ সরেজমিনে পরিদর্শন করা যেতে পারে। সেজন্য একটি ছোট টিম গঠন করে করা যায় মর্মে সভায় আলোচনা হয়।	(ক) কর্মকর্তা/কর্মচারিদের বদলীর জন্য সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের অনুসৃত একটি নীতিমালা সংগ্রহ করতে হবে; (খ) বিদ্যুৎ-এর সাশ্রয়ী ব্যবহারের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত স্টিকার/পোস্টার সংগ্রহ করতে হবে; (গ) বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস) সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত রেলভবনস্থ বিভিন্ন কক্ষ সরেজমিনে পরিদর্শনের জন্য উপসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় ও মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-প্রতিনিধির সমন্বয়ে একটি টিম গঠনপূর্বক দায়িত্ব দেওয়া হয়।	উপসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
০৯।	**শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান:** সভায় জানানো হয় যে, চলতি অর্থবছরে ৩জন কর্মকর্তা/কর্মচারিকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নির্ধারিত রয়েছে। সভাপতি শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ অনুযায়ী যথাযথভাবে মূল্যায়ন সম্পন্ন করে কর্ম-পরিকল্পনার উল্লিখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন।	শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭ অনুযায়ী যথাযথভাবে মূল্যায়ন সম্পন্ন করে ৩জন কর্মকতা/কর্মচারিকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়

১০।	**অর্থ বরাদ্দ:** সভা অবহিত হয় যে, চলতি অর্থবছরে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য ৫.০০ লক্ষ টাকার প্রাক্কলন করা হয়েছে। সভাপতি বলেন যে, কোয়ার্টার ভিত্তিক অর্থ ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতিটি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্থ ব্যয় সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়
১১।	**পরিবীক্ষণ ও মূল্যায়ন:** লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা দেন। এছাড়া, বাংলাদেশ রেলওয়ে ও সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত কার্যক্রমের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০১৮)-এর অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পর ফিডব্যাক সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	(ক) কর্ম-পরিকল্পনায় বর্ণিত পরিবীক্ষণ ও মূল্যায়ন লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে; (খ) বাংলাদেশ রেলওয়ে ও সরকারি রেলপথ পরিদর্শন অধিদপ্তর হতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে বর্ণিত কার্যক্রমের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০১৮)-এর অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পর ফিডব্যাক প্রদান সভা আয়োজন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়
১২।	**বিবিধ:** সভা অবহিত যে, প্রতিটি কোয়ার্টারে একই লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কয়েকটি কার্যক্রম নেয়া হয়েছে। তাই কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত কিছু কিছু লক্ষ্যমাত্রা অধিকতর বাস্তবসম্মত করার জন্য প্রযোজ্য ক্ষেত্রে কিছুটা সংশোধন/হালনাগাদ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং মন্ত্রিপরিষদ বিভাগের সাথে পরামর্শক্রমে প্রযোজ্য ক্ষেত্রে লক্ষ্যমাত্রা সংশোধন/হালনাগাদ করার জন্য নির্দেশনা দেয়া হয়।	মন্ত্রিপরিষদ বিভাগের সাথে পরামর্শক্রমে প্রযোজ্য ক্ষেত্রে লক্ষ্যমাত্রা সংশোধন/হালনাগাদ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মো: মোফাজ্জেল হোসেন)
সচিব